

SANBAD PRATIDIN, 4.10.18 P: 7

এক ঝলকে

দান উৎসব

■ স্টাফ রিপোর্টার : উৎসবের মরশুমে সমাজের পিছিয়ে পড়া অবহেলিত মানুষজনকে আনন্দ দিতে এবং তাঁদের মুখে হাসি ফোটাতে দান উৎসবের আয়োজন করেছে এমপি বিড়লা গ্রুপ, বিড়লা কর্পোরেশন লিমিটেড। এবার দশম দান উৎসব অনুষ্ঠিত হচ্ছে ২ অক্টোবর থেকে ৮ অক্টোবর। প্রায় দেড় হাজার শিশুকে স্কুল ব্যাগ, খাতা-বই, পেন ও শিক্ষণ সামগ্রী প্রদান করে 'বাক টু স্কুল' বা বিদ্যালয়ে ফেরত পাঠানোর কর্মসূচি নেওয়া হয়েছে। এছাড়াও জামাকাপড়-কম্বল প্রদান, ১২০০ জন শিশুকে নিক্কো পার্কে ভ্রমণ-খাওয়াদাওয়া, চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে।